# Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 20 May, 2025

জাতীয় কবি কাজী নজরুল ইসলামের উদ্দীপনামূলক ১০টি গান নিয়ে একটি অ্যালবাম প্রকাশ উপলক্ষে আগামী ৩০ মে (শুক্রবার) ঢাকার মানিক মিয়া অ্যাভিনিউতে একটি কনসার্টের আয়োজন করা হয়েছে।এই কনসার্টে দেশের ১০টি ব্যান্ড গান গাইবে।

অ্যালবাম এবং কনসার্টে অংশগ্রহণকারী ব্যান্ডগুলো হলো : ওয়ারফেজ, সোলস, দলছুট, আর্ক, শিরোনামহীন, ডিফারেন্ট টাচ, এমএনবি, রেবেল, ব্ল্যাক ও এফ মাইনর।

প্রতিটি ব্যান্ড অ্যালবামে তাদের নিজস্ব ভঙ্গিমায় নজরুলসংগীত পরিবেশন করবে, যা কনসার্টে লাইভ শোনা যাবে।অ্যালবামটির প্রতিটি গানই কবির মূল কথা, সুর এবং স্বরলিপি অনুসরণ করে তৈরি হয়েছে, যা নজরুলসংগীতের প্রামাণ্যতা বজায় রাখতে সহায়ক হবে।

কবি নজরুল ইনস্টিটিউটের নির্বাহী পরিচালক লতিফুল ইসলাম শিবলী গণমাধ্যমকে জানান, নজরুলের গান বরাবরই তারুণ্য ও বিদ্রোহের প্রতীক, যা এই প্রজন্মের কাছে নতুন করে তুলে ধরার লক্ষ্যেই এই উদ্যোগ।

তিনি আশা করেন, এই অ্যালবাম এবং কনসার্ট নতুন প্রজন্মের মধ্যে নজরুলের গানকে আরও জনপ্রিয় করে তুলবে।গানের পাশাপাশি থাকবে নজরুলের কবিতা আবৃত্তি এবং আরও কিছু বিশেষ আয়োজন।সংস্কৃতি বিষয়ক উপদেষ্টা মোস্তফা সরয়ার ফারুকী এই কনসার্টটির উদ্বোধন করবেন।

কবি কাজী নজরুল ইসলাম মানিক মিয়া কনসার্ট

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 08:53

URL: https://www.timestodaybd.com/entertainment/3930722728